পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়
কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিন দিনাজপুর

পত্রাঙ্ক নং-২৫ / KMJ

তারিখ- ০২/০১/১৫

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যান বিভাগের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ রাজ্য ছাত্র যুব উৎসব ২০১৪-১৫ উদ্‌যাপন বিষয়ক প্রেরিত গাইডলাইন তথা পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যান দপ্তরের Notification no. 1017YS/P/1F-48/2014, তাং- ০৩/১২/১৮ অনুসরন করে তথা কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির শিক্ষা সংস্কৃতি তথ্য ও স্থায়ী সমিতির বিগত ৩১/১২/১৪ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্ত অনুসারে কুমারগঞ্জ ব্লক ছাত্র-যুব উৎসব কমিটির পক্ষ থেকে এই মর্মে কুমারগঞ্জ ব্লকের সকল ছাত্র-যুবগনকে অবগত করানো হচ্ছে যে, আগামী ১৪/০১/১৫ তারিখ ও ১৫/০১/১৫ তারিখ ২(দুই) দিন ব্যাপী প্রত্যহ সকাল ১১টা থেকে রাত্রি ৮টা অবধি কুমারগঞ্জ উচ্চ বিদ্যালয়ের (উচ্চ মাধ্যমিক) উৎসব মঞ্চ ও সন্নিহিত থানা প্রাঙ্গনে কুমারগঞ্জ ব্লক ছাত্র-যুব উৎসব ২০১৪-১৫ অনুষ্ঠিত হবে, যার অধীনে উক্ত দুই দিন কুমারগঞ্জ ব্লক প্রশাসন তথা কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি এবং ব্লক যুবকল্যান দপ্তরের যৌথ উদ্যোগে স্থানীয় ও বহিরাগত শিল্পীদের সমন্বয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের পাশাপাশি স্থানীয় শিশু-কিশোর ও ছাত্র-যুবদের নিয়ে নিম্নোক্ত সাংস্কৃতিক প্রতিযোগিতা গুলি অনুষ্ঠিত হবে।

➢ শিশু-কিশোরদের জন্য প্রতিযোগিতা ঃ-

i) 'ক' বিভাগ (৫ বছর বয়স থেকে অনুর্দ্ধ ১০ বছর বয়সসীমা অবধি)- ১) রবীন্দ্র সঙ্গীত, ২) নজরুলগীতি, ৩) লোকসঙ্গীত (এরুক), ৪) বাংলা কবিতা আবৃত্তি, ৫) বসে আঁকো [বিষয়ঃ- বীর সন্ন্যাসী বিবেকানন্দ]

ii) 'খ' বিভাগ (১০ বছর বয়স থেকে অনুর্দ্ধ ১৫ বছর বয়সসীমা অবধি)- ১) রবীন্দ্র সঙ্গীত, ২) নজরুলগীতি, ৩) লোকসঙ্গীত (একক), ৪) লোকনৃত্য (একক), ৫) বাংলা কবিতা আবৃত্তি, ৬) ক্যুইজ, ৭) বসে আঁকো [বিষয়ঃ- মোরা একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান]

➢ সর্বসাধারনের জন্য প্রতিযোগিতা ঃ- (১৫ বছর বয়স থেকে ৪০ বছর বয়সসীমা অবধি)

১) রবীন্দ্র সঙ্গীত, ২) নজরুলগীতি, ৩) অতুল-রজনী-দ্বিজেন্দ্র গীতি, ৪) আধুনিক বাংলা গান ৫) লোকসঙ্গীত (একক), ৬) লোকনৃত্য (একক), ৭) বাঁশি, ৮) হারমোনিয়াম, ৯) তবলা, ১০) গিটার, ১১) বাংলা কবিতা আবৃত্তি, ১২) ক্যুইজ, ১৩) তাৎক্ষনিক বক্তৃতা (Extempore Speech), ১৪) সঙ্গীতের নৃত্যায়ন দলগত, ১৫) বাংলা একাঙ্ক নাটক, ১৬) বিশ্ব সংবাদ পাঠ।

[N.B- উপরের প্রতিটি ক্ষেত্রে ০১/০১/২০১৫ তারিখটিকে প্রতিযোগী/প্রতিযোগিনী বয়স নির্ধারনের মাপকাটি রুপে ধরতে হবে]

উপরোক্ত এক বা একাধিক বিষয়বিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহন করতে প্রত্যেক ইচ্ছুক যোগ্য আবেদনকারী/আবেদনকারিনীকে নিজের উপযুক্ত বয়সের মান পত্রের [জন্ম সার্টিফিকেট/মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষা বা মাদ্রাসা পরীক্ষার অ্যাডমিট কার্ড বা রেজিস্ট্রেশন সার্টিফিকেট] Attested Xerox Copy সহ এই বিজ্ঞপ্তির সঙ্গে প্রদত্ত নির্দিষ্ট আবেদনপত্রের ফর্ম্যাটে লিখিত লিখিতভাবে আবেদন জানিয়ে তা অবশ্যই ১২/০১/১৫ তারিখ বিকাল ৪ ঘটিকার মধ্যে কুমারগঞ্জ BDO অফিসের Receive Section এ জমা দিতে হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহনের জন্য নমুনা আবেদনপত্রে ফর্ম BDO অফিসের পাশাপাশি কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির কার্য্যানয়, ব্লক যুবগল্যান দপ্তর, সমস্ত গ্রাম পঞ্চায়েত কার্য্যালয় ও ব্লকের অন্তর্গত সকল উচ্চ বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, সরকার স্বীকৃত মাদ্রাসা ও MSK গুলিতে ও পাওয়া যাবে, যেখান থেকে আবেদনকারী নির্দিষ্ট সময়সীমার মধ্যে তা সংগ্রহ করে যথাযথ ভাবে পুরন করে ব্লক অফিসে অবশ্যই জমা দেবেন। মনেরাখতে হবে যে, নিদিষ্ট সময়সীমা অতিক্রান্ত হয়ে যাওয়ার পর উৎসব কমিটির পক্ষ থেকে বিষয় ভিত্তিক প্রতিযোগী/প্রতিযোগিনীদের চুরান্ত তালিকা প্রস্তুত হয়ে তা ১২/০১/১৫ তারিখে সর্বসাধারনের অবগতির জন্য ব্লক অফিস নোটিশ বোর্ডে টাঙানো হবে এবং ঐদিনই প্রতিযোগিতাগুলির বিশদ সময় নির্ঘন্ট কমিটির পক্ষ থেকে প্রতিযোগী/প্রতিযোগিনীদের অবগত করানো হবে।

- **প্রতিযোগী/প্রতিযোগিনীকে অবশ্যই কুমারগঞ্জ ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে।**
- কোন এক বা একাধিক প্রতিযোগী/ প্রতিযোগিতামূলক বিষয়ে যদি দেখা যায় যে, অংশগ্রহনের নির্দিষ্ট বিষয়ের প্রতিযোগিতাটি প্রয়োজনে উৎসব কমিটি বাতিল করে দিতে পারবেন।
- কোন প্রতিযোগীতায় একাধিক প্রথম, দ্বিতীয় বা তৃতীয় নির্বাচন করা যাবে না। এক্ষেত্রে প্রয়োজনে উৎসব কমিটি বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করে টাইব্রেকার বা লটারি করে চুরান্ত নির্বাচন করবেন।
- প্রতিযোগীরা একাধিক বিষয়ে অংশগ্রহন করতে পারবেন। এমনকি কোন প্রতিযোগী সব বিষয়ে অংশগ্রহন করতে চাইলে তাকে সব বিষয়েই অংশগ্রহনের সুযোগ দিতে হবে।

- কোনো প্রতিযোগী অসৎ উপায় অবলম্বন করলে বা প্রতিযোগীতার বিষয় হিসাবে অশ্লীল, কুরুচিকর, জাতীয় সম্প্রতিকে ক্ষুন্ন করে এমন বিষয় নির্বাচন করা হলে বিচারক মণ্ডলী প্রয়োজন্য সিদ্ধান্ত নিয়ে সংশ্লিষ্ট প্রতি প্রতিযোগিতায় অংশগ্রহনের অনুপযুক্ত বলে ঘোষনা করতে পারেন।
- সঙ্গীতের নৃত্যায়নের দলগত বিভাগের প্রতিযোগিতায় প্রতিযোগী দলের সর্বোচ্চ সদস্য সংখ্যা হবে ৮জন এবং এ লোকসঙ্গীত ছাড়া বংলায় যেকোনো গানই নৃত্যায়নের জন্য নির্বাচন করা যাবে। অনুষ্ঠান পরিবেশনের জন্য প্রতি দলকে সর্বোচ্চ ১০মিনিট ও মঞ্চ প্রস্তুতির জন্য ৫মিনিট সময় দেওয়া হবে। গানের ক্যাসেট/CD Player/DVL প্রতিযোগী দলকেই আনতে হবে।
- লোকসঙ্গীত (একক)/ লোকনৃত্য (একক) পরিবেশনের সর্বোচ্চ সময় ৭ মিনিট।
- রবীন্দ্র/নজরুল/অতুল-রজনী-দ্বিজেন্দ্রগীত/ আধুনিক বাংলা গান পরিবেশনের সর্বোচ্চ সময়সীমা ৫ মিনিট। এক্ষেত্রে প্রতিযোগীরা নিজেদের পছন্দমতো গান বেছে নিতে পারবেন।
- যন্ত্রসঙ্গীতের ক্ষেত্রে সেতার ও বাঁশির জন্য সর্বোচ্চ ১৫মিনিট, তবলার জন্য সর্বোচ্চ ১০ মিনিট এবং হারমোনিয়াম/গিটারের দ্বারা কোন চলচ্চিত্রের সঙ্গীত পরিবেশন করা যাবে না। এরুপ প্রতিটি ক্ষেত্রে মঞ্চ প্রস্তুতি, মাইক, সহশিল্পীদের প্রস্তুতি প্রভৃতির জন্য সর্বোচ্চ সময় ৫ মিনিট ধার্য্য করা হবে।
- বাংলা একাঙ্ক নাটক ৪৫ মিনিটের মধ্যে শেষ করতে হবে। এক্ষেত্রে নাট্যদলে সর্বোচ্চ ১২জন থাকতে পারবেন যাদের সকলের বয়স (লেখক,পরিচালক, সকল শিল্পী মিলিয়ে) অবশ্যই ৪০ বছরের মধ্যে হতে হবে। মঞ্চ প্রস্তুতির জন্য সর্বোচ্চ ১০ মিনিট সময় ধার্য করা হবে।
- বাংলা কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় যেকোন কবির কবিতা আবৃত্তি করা যাবে এবং ঐই কবিতা আবৃত্তি ৫ মিনিটের মধ্যে শেষ করতে হবে।
- ক্যুইজ প্রতিযোগিতায় বাধ্যতামূলক দলগতভাবে অংশ গ্রহন করতে হবে এবং প্রতিটি দলে সর্বোচ্চ ২জন থাকবে। ক্যুইজ স্বামী বিবেকানন্দ ছাড়াও Current Affairs, খেলাধুলা, স্বাস্থ্য চেতনা, শিল্প, সাহিত্য, সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি, পরিবেশ প্রভৃতি অনান্য বিষয়ে সাধারন জ্ঞানের প্রশ্ন করা হবে। এক্ষেত্রে প্রতিযোগিতার নিয়মাবলী পরিতিযোগিতার দিল ক্যুইজ মাষ্টার চূড়ান্তভাবে নির্ধারন করবেন।
- বিশ্বসংবাদ পাঠ প্রতিযোগিতা একটি বিভাগে অনুষ্ঠিত হবে। সংবাদ পাঠেরজন্য ৫মিনিট সময় দেওয়া হবে। চার মিনিটের মাথায় সতর্কীকরন সংকেত দেওয়া হবে। এক্ষেত্রে সংগৃহীত সংবাদের সূত্র অবশ্যই উল্লেখ করতে হবে।

উপরোক্ত বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সকলের অবগতি তথা বহুল প্রচারের উদ্দেশ্যে এবং কার্য্যকরী ব্যবস্থাসমূহ গ্রহনের জন্য কুমারগঞ্জ ব্লক ছাত্র-যুব উৎসব কমিটির পক্ষ থেকে এই মর্মে প্রকাশিত হল।

২/১/১৫

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ সমষ্টি উন্নয়ন ব্লক তথা সভাপতি
কুমারগঞ্জ ব্লক ছাত্র-যুব উৎসব কমিটি
২০১৪-১৫,দক্ষিণ দিনাজপুর

পত্রাঙ্ক নং-২৫/ ১(৭৭)/ KMJ **তারিখ- ০২/০১/১৫**

প্রত্রের প্রতিলিপি প্রয়োজনীয় অবগতি ও বহুল প্রচারের উদ্দেশ্যে প্রেরিত হল ঃ

১. মাননীয় জেলাশাসক, দক্ষিন দিনাজপুর।
২. মাননীয় মহকুমাশাসক, বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর।
৩. মাননীয়া জেলা যুবকল্যান আধিকারিক, দক্ষিণ দিনাজপুর।
৪. মাননীয়া বিধায়িকা, ৩৮- কুমারগঞ্জ বিধান সভা নির্বাচন ক্ষেত্র।
৫-৬. শ্রী/শ্রীমতি ...., সদস্য/সদস্যা, দক্ষিন দিনাজপুর জিলা পরিষদ।
৭. মাননীয়া সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৮. মাননীয় সহকারী সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৯. মাননীয় বিরোধী দলনেতা, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
১০-১৯. মাননীয়/মাননীয়া কর্মাধ্যক্ষ/ কর্মাধ্যক্ষা .... স্থায়ী সমিতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
২০-২১. মাননীয় অবর বিদ্যালয় পরিদর্শক, কুমারগঞ্জ সদর/উত্তর চক্র।
২২. মাননীয় যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক, কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিণ দিনাজপুর।
২৩. মাননীয় ব্লক যুব কল্যান আধিকারিক, কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিণ দিনাজপুর।
২৪. মাননীয় সমিতি শিক্ষা আধিকারিক, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি, দক্ষিণ দিনাজপুর।
২৫. মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, কুমারগঞ্জ থানা।
২৬-৩৩. মাননীয়/মাননীয়া প্রধান, ... গ্রাম পঞ্চায়েত।

৩৪-৬৫. মাননীয়/মাননীয়া প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/ TIC/মুখ্য সম্প্রসারক/মুখ্য সম্প্রসারক- in Charge, ...উচ্চ বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা/ MSK.
৬৬. ব্লক অফিস নোটিশ বোর্ড।
৬৭. পঞ্চায়েত সমিতি অফিস নোটিশ বোর্ড।
৬৮. মাননীয় DIO, NIC, দক্ষিন দিনাজপুর। তাঁকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি অবিলম্বে বহুল প্রচারের উদ্দেশ্যে জেলার NIC এর Official Web Site এ Upload করতে বলা হচ্ছে।
৬৯-৭৫. শ্রী .... , ... (পদমর্যাদা)।
৭৬. শ্রী সত্যেন্দ্রনাথ বৈশ্য মালী (মোবাইলঃ- ৮৯৭২৪২৩১০৯), ঢাকী, অনগ্রসর সম্প্রদায় কল্যান বিভাগ, কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিন দিনাজপুর। তাঁকে উপরোক্ত বিষয়টি এলাকার হাট, বাজার ও গুরুত্বপূর্ণ জনবহুল স্থান গুলিতে ঢাক পিটিয়ে বহুল প্রচার করতে বলা হচ্ছে।
৭৭. গার্ড ফাইল।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ সমষ্টি উন্নয়ন ব্লক তথা সভাপতি
কুমারগঞ্জ ব্লক ছাত্র-যুব উৎসব কমিটি
২০১৪-১৫,দক্ষিণ দিনাজপুর